| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | ✓ |

২২৯৬

=০২=

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১১.০১.০০৯৮.২৫-৯৩৯

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর, হিসাব ভবন, ৩য় ফেজ (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকার ২৯-০৯-২০২৫খ্রি. তারিখের ৮২.১৫.০০০০.০০৪.০২.০০৪.২৩-৫৫৯ নং স্মারকটি প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত পত্রে বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল যন্ত্রপাতি স্থাপন শীর্ষক প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের একটি SFI অডিট আপত্তি আংশিক নিষ্পত্তি করা হয়েছে এবং অবশিষ্ট SFI আপত্তির জবাব নিরীক্ষা মন্তব্য মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ করেছেন। বিধায় আপত্তিসমূহের সাথে জড়িত দপ্তরসমূহকে অডিট অফিসের নিরীক্ষা মন্তব্য মোতাবেক যথাযথ ব্রডশীট জবাব ও প্রমাণক সংযুক্ত করে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের বাজেট ও অডিট শাখায় হার্ডকপি ও সফট কপি নিকষফন্টে (ওয়ার্ড ফাইল) ইমেইল: budget_betar@yahoo.com প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/১০/২৫
দেওয়ান আশরাফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

**বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
২। পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)।
৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রংপুর।
৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ বেতারের সিলেট কেন্দ্র আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন প্রকল্প, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);**

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)/ (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। জনাব মোঃ বশির উদ্দিন, পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা (আহবায়ক, বাংলাদেশ বেতারের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত অভ্যন্তরীণ অডিট কমিটি)।
৫। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। নথি।

**মহাপরিচালক এর কার্যালয়**

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর

হিসাব ভবন, ৩য় ফেজ (৩য় তলা)

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.ptstaudit.org.bd

স্মারক নং-৮২.১৫.০০০০.০০৪.০২.০০৪.২৩.৫৫৭ তারিখ: ২৭-০৯-২০২৫ খ্রি.।

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন বাংলাদেশ বেতারের ২০২২-২০২৩ অর্থবছরের SFI আপত্তির নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-২).২৮১; তারিখঃ ০৫-০৩-২০২৫ খ্রি.,
স্মারক নং ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২.২৬৬; তারিখঃ ০৩-০২-২০২৫ খ্রি. এবং
স্মারক নং ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-২).২৬৪; তারিখঃ ২৯-০১-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন বাংলাদেশ বেতারের ২০২২-২০২৩ অর্থবছরের উপর পরিচালিত Compliance Audit এর নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভূক্ত SFI অনুচ্ছেদসমূহের ব্রডশীট জবাবের প্রেক্ষিতে এ কার্যালয়ের নিরীক্ষা মন্তব্য নিম্নে প্রদান করা হলো।

| ক্রমিক নং | আপত্তির সাল ও অনু: নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা | নিরীক্ষা মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ২০২২-২০২৩ SFI অনু: ১৪ পরি: ১৪.১ অফিস: ~~বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।~~ | ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও Variation এর নামে অনিয়মিত ব্যয়। | ৪,১৬,৫৪২/- (মোট জড়িত ১,০২,৮৮,৯৪২/-) | পিপিআর-২০০৮ এর বিধি-৭৮(১) অনুযায়ী বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে পরিকল্পনা, ডিজাইন অথবা বিন্যাসের পরিবর্তনজনিত কারণে কার্য এর সংযোজন বা বিয়োজন, প্রকল্পের সাধারন ব্যাপ্তি ও ভৌত সীমানার মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে, কার্য এর নতুন আইটেম অন্তর্ভুক্তিসহ পরিমাণগত বৃদ্ধি বা হ্রাসের জন্য ক্রয়কারী মূল ঠিকাদারের নিকট হতে কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য ভেরিয়েশন অর্ডার জারী করতে পারার বিধান থাকায় অনুচ্ছেদটির বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অংশটুকু (৪,১৬,৫৪২/-টাকা) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ২. | ২০২২-২০২৩ SFI অনু: ১৪ পরি: ১৪.২ প্রকল্প পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন শীর্ষক প্রকল্প। | ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও Variation এর নামে অনিয়মিত ব্যয়। | ১২,১২,৪০০/- (মোট জড়িত ১,০২,৮৮,৯৪২/-) | মূল চুক্তির বাইরে কি কারণে/কাজে ভেরিয়েশন করা হয়েছে এর বিস্তারিত তথ্য ও প্রমাণকসহ পুন:জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩. | ২০২২-২০২৩ SFI অনু: ১০ পরি: ১০.২ অফিস: বাংলাদেশ বেতার, ঢাকা কার্যালয়। | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে অনিয়মিতভাবে মাসিকভিত্তিক অর্থ পরিশোধ। | ২,২৩,৪৬,৪০০/- (মোট জড়িত ৭,৭২,৫৪,৩৬৮/-) | অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০. ১৭২.৩২.০০৯.১৭-১৮৪, তারিখ: ১৬-০৮-২০২০ খ্রি. অনুযায়ী সৃষ্টিশীল কাজে সহায়তা করার জন্য দৈনিক সম্মানী ভিত্তিতে বিশেষ দক্ষ ও কম দক্ষ অনিয়মিত শিল্পীদের দৈনিক সম্মানী বাবদ ১০০০/- ও ৮০০/- টাকা প্রদানের নির্দেশ আছে। আলোচ্য ক্ষেত্রে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | পরিশিষ্টে বর্ণিত কর্মচারীগণ নিয়মিত ও অনিয়মিত শিল্পীদের তালিকাভুক্ত কিনা তার প্রমাণক প্রেরণ অন্যথায় তালিকা বহির্ভূত পরিশিষ্টে বর্ণিত কর্মচারীগণের বিপরীতে আপত্তিকৃত টাকা আদায় করতঃ সরকারী কোষাগারে জমা করে এর প্রমাণকসহ পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৪. | ২০২২-২০২৩<br>SFI অনু: ০৬<br>অফিস:<br>বাংলাদেশ বেতার, রংপুর কার্যালয়, রংপুর। | অর্গানোগ্রাম বহির্ভূত ১১ জন নিজস্ব শিল্পীকে বেতন ও ভাতা বাবদ অনিয়মিতভাবে পরিশোধ। | ৫০,৪৭,৭৮৪/-<br>আঞ্চলিক পরিচালক | অর্গানোগ্রাম অনুযায়ী জনবল নিয়োগ ও তদানুযায়ী বেতন ভাতা পরিশোধযোগ্য। আলোচ্যক্ষেত্রে অর্গানোগ্রাম বহির্ভূত শিল্পীকে বেতন ভাতা পরিশোধ করায় আপত্তিকৃত টাকা আদায় করতঃ সরকারী কোষাগারে জমা করে এর প্রমাণকসহ পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৫. | ২০২২-২০২৩<br>SFI অনু: ১০<br>পরি:১০.১<br>অফিস: কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে অনিয়মিতভাবে মাসিকভিত্তিক অর্থ পরিশোধ। | ১,৯৬,০৮,০০০/-<br>(মোট জড়িত ৭,৭২,৫৪,৩৬৮)<br>পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা | অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০. ১৭২.৩২.০০৯.১৭-১৮৪, তারিখ: ১৬-০৮-২০২০ খ্রি. অনুযায়ী সৃষ্টিশীল কাজে সহায়তা করার জন্য দৈনিক সম্মানী ভিত্তিতে বিশেষ দক্ষ ও কম দক্ষ অনিয়মিত শিল্পীদের দৈনিক সম্মানী বাবদ ১০০০/- ও ৮০০/- টাকা প্রদানের নির্দেশ আছে। আলোচ্য ক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত কর্মচারীগণের নিকট থেকে আপত্তিকৃত টাকা আদায় করতঃ সরকারী কোষাগারে জমা করে প্রমাণকসহ পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

(ধ্রুব জ্যোতি চৌধুরী)
উপপরিচালক
ফোনঃ ০২২২৬৬৬৩৭০২।

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: সহকারি সচিব, প্রশাসন-০৩, (অডিট) শাখা]।

স্মারক নং-৮২.১৫.০০০০.০০৪.০২.০০৪.২৩ ৫৫৭ (৩১) তারিখ: ২৭-০৯-২০২৫ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। গার্ড ফাইল।
৩। অফিস কপি।

২৮.০৯.২৫

(জান্নাতুল ফেরদৌস)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
কেন্দ্রীয়-০২ শাখা।